

## ২০২৪-২০২৫ অর্থ বছরের কর্মসূচি:

“ঢাকা জেলার দোহার উপজেলায় হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুণগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ”।

**Aquifer delineation and evaluation of sub-surface environment through hydrogeological investigation and preparation of geochemical map at Dohar Upazila of Dhaka District.**

### উদ্দেশ্য:


- দোহার এলাকার ভূ-গর্ভস্থ পানিতে বিদ্যমান বিভিন্ন মৌলের মাত্রা নির্ণয় করণ এবং মানবস্বাস্থ্যের উপর এইসব মৌলের প্রভাব নিরূপণ;
- দোহার এলাকার ভূ-গর্ভস্থ জলাধার (০৫০মিটার হতে ২৫০ মিটার) সম্পর্কে ধারণা লাভ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ;
- দোহার উপজেলার ভূ-পৃষ্ঠ হতে ০৫০ মিটার গভীরতা পর্যন্ত নিরবচ্ছিন্ন পললের নমুনা বিশ্লেষণ করে স্বল্প গভীরতার ভূগর্ভস্থ পানিতে বিদ্যমান বিভিন্ন ক্ষতিকর মৌলের উৎস সম্পর্কে ধারণা প্রদান;
- দোহার এলাকার ভূপৃষ্ঠের নিকটবর্তী মাটি ও পললের নমুনা বিশ্লেষণের মাধ্যমে ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ;
- দোহার এলাকার অধিবাসীদের ভূ-গর্ভস্থ পানির নিরাপদ ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান;
- দোহার এলাকায় অবস্থিত শিল্প কারখানা হতে নিঃসরিত বর্জ্য দ্বারা পরিবেশ দূষণ সম্পর্কে ধারণা প্রাপ্তি।

### সম্পাদিত কর্মসূচী (২০২৩-২০২৪ অর্থবছর):


ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা হতে ২০২৩-২০২৪ অর্থবছরে “ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলায় হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুণগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ” শীর্ষক একটি ভূ-রাসায়নিক অনুসন্ধান কার্যক্রম পরিচালিত হয়েছে। অনুসন্ধানকৃত এলাকা হতে ভূতাত্ত্বিক বৈশিষ্ট্য অনুযায়ী  $\pm 50$  মিটার গভীরতা পর্যন্ত ২টি এসপিটি কূপ,  $\pm 90$  মিটার গভীরতা পর্যন্ত ৪টি চপিং/ওয়াশবোরিং কূপ এবং গভীর পানির আধার নিরূপণ ও পললের নমুনা সংগ্রহের জন্য  $\pm 250$  মিটার গভীরতা পর্যন্ত রোটোরি বোরিং পদ্ধতিতে ০২টি গভীর কূপ খননের মাধ্যমে পললের নমুনা সংগ্রহ, পর্যবেক্ষণ ও বোরলগ প্রস্তুত করা হয়।

বহিরঙ্গন কর্মসূচী হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত ভূবৈজ্ঞানিক বিশ্লেষণের মাধ্যমে পানিবাহিত স্তর সনাক্তকরণ, পানির গুণগতমান নিরূপণ, পললের রাসায়নিক মিশ্রণ সম্পর্কে ধারণা পাওয়া গেছে। শিল্প কারখানা হতে নির্গত অশোধিত বর্জ্য, রাসায়নিক সার, কীটনাশক ইত্যাদি কারণে কালিগঙ্গা ও ইছামতি নদী ও এর পার্শ্ববর্তী এলাকার পানি, মাটি ও পললের দূষণের মাত্রা নির্ণয় এবং কৃষি ও মানব স্বাস্থ্যের উপর এর প্রভাব

নিরূপণ করা হয়েছে। এছাড়াও স্বল্প গভীরতায় খনিজের উপস্থিতি সম্পর্কে ধারণা লাভ এবং সর্বোপরি অনুসন্ধানকৃত এলাকার একটি ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুত করা হয়েছে। উল্লেখিত কর্মসূচীর আওতায় প্রস্তুতকৃত মানচিত্রের ছবি এবং অনুষ্ঠিত বহিঃস্থ কর্মসূচীর কিছু চিত্র নীচে প্রদান করা হলো।



আর্সেনিক ডিস্ট্রিবিউশন মানচিত্র



আয়রন ডিস্ট্রিবিউশন মানচিত্র



আর্সেনিক আয়রনসহ বিভিন্ন ইন-সিটু/ভৌত-রাসায়নিক প্যারামিটার পরিমাপ ও পানির নমুনা সংগ্রহ



নদীর পানির দূষণ পরিমাপের জন্য বিভিন্ন ইন-সিটু/ভৌত-রাসায়নিক প্যারামিটার পরিমাপ এবং নমুনা সংগ্রহ



জিএসবিবর কর্তৃক স্থাপিত মনিটরিং কুপ



পললের নমুনা সংগ্রহ



জনসচেতনতার উদ্দেশ্যে মতবিনিময় সভা